



বাংলাদেশ জাতীয়তাবাদী দল

কেন্দ্রীয় কার্যালয়: ২৮/১, নয়াপট্টন, ভি আই পি রোড, ঢাকা-১০০০ | ফোন: ৯৭৩১০৬৪ ফ্যাক্স: ৮৩১৮৬৮৭ E-mail: bnpcentral@gmail.com
চেয়ারপার্সনের কার্যালয়: বাসা নং-০৬, রোড নং-৮৬, গুলশান-২, ঢাকা-১২১২ | ফোন: ৯৮৮৩৪৬২ ফ্যাক্স: ৯৮৮৩৪৫২ E-mail: bnpcpo@gmail.com

তারিখ : ২১ জুন ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এর শোকবার্তা

ঢাকা মহানগর উত্তর বিএনপির সদ্য বিলুপ্ত কমিটির সদস্য ও ভাষানটেক থানা বিএনপির সাবেক সভাপতি গোলাম কিবরিয়া মাখন আজ বেলা ১:৩০ মিনিটে আকস্মিকভাবে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে ইতেকাল করেছেন। ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজিউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৮ বছর। গোলাম কিবরিয়া মাখন এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

আজ এক শোকবার্তায় বিএনপি মহাসচিব বলেন, “বিএনপি ঢাকা মহানগর উত্তরের সংগ্রামী ও নিবেদীত প্রাণ নেতা যিনি সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান বীর উত্তম এর নীতি ও আদর্শ বুকে ধারণ করে বিএনপিকে সুসংগঠিত করেছেন। তার অকাল মৃত্যুতে আমি গভীরভাবে শোকাহত। মরহুম গোলাম কিবরিয়া মাখন ঢাকা মহানগর উত্তর বিএনপি-কে সুদৃঢ় ভিত্তির ওপর প্রতিষ্ঠিত করতে বলিষ্ঠ ভূমিকা পালন করেছেন। এছাড়া বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বে মানুষের গণতান্ত্রিক অধিকার আদায়ের প্রতিটি আন্দোলন সংগ্রামে তিনি যে সাহসিকতার স্বাক্ষর রেখেছেন তা ঢাকা মহানগর উত্তর বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীদের কাছে অনুসরণীয় দৃষ্টান্ত হয়ে থাকবে। মহান রাবুল আলামীনের দরবারে দোয়া করি তিনি যেন মরহুম গোলাম কিবরিয়া মাখনকে বেহেস্ত নসীব এবং শোকাচ্ছন্ন পরিবারবর্গকে ধৈর্য ধারণের ক্ষমতা দান করেন।”

বিএনপি মহাসচিব শোকবার্তায় মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করেন এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যবর্গ, আত্মীয়স্বজন, গুণগ্রাহী ও শুভানুধ্যায়ীদের প্রতি গভীর সমবেদনা জানান।

বার্তা প্রেরক

মুঃ মুনির হোসেন

(মুহম্মদ মুনির হোসেন)

সহ-দফতর সম্পাদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি